

প্রিপেইড গ্যাস মিটার রিচার্জ করার পদ্ধতি

POS এর মাধ্যমে স্মার্ট এনএফসি কার্ড রিচার্জ করার পদ্ধতি

১ম ধাপ

আপনার স্মার্ট এনএফসি কার্ডটি নিয়ে নিকটস্থ একটি POS সেন্টারে চলে আসুন।

২য় ধাপ

আপনার স্মার্ট এনএফসি কার্ড ও চাহিদা অনুযায়ী রিচার্জের সমপরিমাণ টাকা POS সেন্টারের প্রতিনিধির নিকট প্রদান করুন।

৩য় ধাপ


POS সেন্টারের প্রতিনিধি রিচার্জ শেষে রশিদসহ স্মার্ট এনএফসি কার্ডটি আপনার নিকট ফেরত দিবেন।

ইমার্জেন্সি ব্যালেন্স


মিটারের ব্যালেন্স শেষ হয়ে আপনি ৮ ঘনমিটার গ্যাস ইমার্জেন্সি ব্যালেন্স হিসেবে গ্রহণ করতে পারবেন। ইমার্জেন্সি ব্যালেন্স শেষ হওয়ার পূর্বে মিটার রিচার্জ করুন। পরপর দুইবার ইমার্জেন্সি ব্যালেন্স গ্রহণ করা যাবে না।

ইমার্জেন্সি ব্যালেন্স গ্রহণের পদ্ধতি

মিটারের ব্যালেন্স শেষ হয়ে মিটারের টাচ বাটনটি একবার চাপ দিন।



মিটারের ডিসপ্লেটে **OPEN** লিখা আসবে এবং গ্যাস সরবরাহ চালু হবে।



এনএফসি কার্ড হতে মিটার রিচার্জ পদ্ধতি


১ম ধাপ

এনএফসি কার্ডটি মিটারের গায়ে চিহ্নের উপর ধরুন।




২য় ধাপ

এবার মিটারের টাচ বাটনটি একবার চাপুন।



৩য় ধাপ

ডিসপ্লেটে প্রথমে **[** লিখা আসবে এবং **HELLO** লিখা না আসা পর্যন্ত কার্ডটি ধরে রাখুন।



৪র্থ ধাপ


সফলভাবে রিচার্জ সম্পন্ন হলে ক্রয়কৃত গ্যাসের পরিমাণ ডিসপ্লেটে প্রদর্শিত হবে।



মোবাইল অ্যাপের মাধ্যমে মিটার রিচার্জ করার পদ্ধতি

১ম ধাপ


রেজিস্ট্রেশন ও লগইন



- ১। প্রথমে লগইন পেইজ হতে Registration অপশনে ক্লিক করুন।
- ২। আপনার Phone Number, Verification Code, Username এবং Password দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করুন।
- ৩। রেজিস্ট্রেশন সম্পন্ন হলে Username এবং Password দিয়ে অ্যাপে লগইন করুন।

২য় ধাপ


অ্যাপে মিটার সংযুক্ত করার পদ্ধতি



- ১। লগইন করার পর Add Meter অপশনটি প্রদর্শিত হবে।
- ২। আপনার মিটার নম্বর ও প্রিপেইড কোড প্রদান করুন।
- ৩। আপনার প্রদত্ত তথ্য সঠিক হলে আপনার মিটার সংযুক্ত হবে এবং মিটারের তথ্যাদি প্রদর্শিত হবে।
- ৪। একাধিক মিটার যুক্ত করতে User Management অপশনে গিয়ে Facility Management- এ ক্লিক করুন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে মিটার যুক্ত করুন।


৩য় ধাপ

অ্যাপ থেকে রিচার্জ পদ্ধতি



- ১। মিটার ইনফরমেশন পেজের Pay অপশনে ক্লিক করুন।
- ২। ডিসপ্লিতে গ্রাহকের তথ্য প্রদর্শিত হবে।
- ৩। টাকার পরিমাণ উল্লেখ করে Confirm বাটনে চাপুন
- ৪। অতঃপর উপায়, রকেট, নগদ হতে একটি পেমেন্ট অপশন বাছাই করুন এবং পেমেন্ট সম্পন্ন করুন।
- ৫। রাত ১২ টায় রিচার্জকৃত ভলিউমটি স্বয়ংক্রিয়ভাবে মিটারে যুক্ত হবে।
- ৬। তাৎক্ষণিকভাবে ক্রয়কৃত গ্যাস মিটারে যোগ করতে মিটারের টাচ বাটনটি ৫ সেকেন্ড চেপে ধরে রাখুন। মিটার সার্ভারের সাথে যোগাযোগ করবে এবং ক্রয়কৃত গ্যাস ভলিউম মিটারে যুক্ত হবে।

অ্যাপের মাধ্যমে রিচার্জকৃত গ্যাস ভলিউম এনএফসি কার্ডে স্থানান্তর করা



- ১। অ্যাপের মাধ্যমে Pay অপশন থেকে পেমেন্ট সম্পন্ন করার পর আপনার এনএফসি কার্ডটি মোবাইলের সাথে স্পর্শ করুন।
- ২। আপনার মোবাইলটি এনএফসি এনাবেল হলে রিচার্জ টোকেনটি এনএফসি কার্ডে স্থানান্তর হবে।
- ৩। অতঃপর এনএফসি কার্ডটি মিটারের নির্দিষ্ট গায়ে টাচ করে মিটার রিচার্জ করুন।